# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৯ সালাতে মাকরূহ কাজ - ২৩. সালাতে কি কি কাজ মাকরূহ?

বান্দা যখন সালাতে দাঁড়ায় তখন যেন তার রবের সামনে হাজির হয়। এ মহান সাক্ষাতে যা সব ধরনের অপছন্দনীয় ও ঘৃণিত তথা মাকরূহ কাজ পরিহার করে সালাত সম্পাদন করা উচিত। নিচে মাকরূহ অথাৎ অপছন্দনীয় কাজের একটি বিবরণ দেয়া হলো। এগুলোতে সালাত ভঙ্গ না হলেও সালাতের আদব রক্ষার জন্য এগুলো থেকে দূরে থাকা উচিত।

১. অনর্থক এদিক-সেদিক তাকানো।
২. আকাশের দিকে দৃষ্টি দেওয়া। এ বিষয়ে রাসূল (স)-এর কঠোর নিষেধাজ্ঞা এসেছে । এমনকি দৃষ্টি কেড়ে নেওয়ার শাস্তির কথাও উল্লেখ করা হয়েছে।
৩. মাটিতে হাত বিছিয়ে সিজদা করা।
৪. বিনা প্রয়োজনে চোখ বুঝে থাকা।
৫. সালাত থেকে অমনোযোগী করে এমন বস্তুর দিকে দৃষ্টি দেওয়া।যেমন ছবি, কোন লেখা বা এ জাতীয় কোন কিছু।
৬. নামাযের সামনে এমন কিছু রাখা, যা মুসল্লীকে সালাত থেকে অন্যমনষ্ক করে, অমনোযোগী করে।
৭. চতুষ্পদ জন্তুর মতো হাঁটু গেড়ে বসা।
৮. নিজের অঙ্গপ্রত্যঙ্গ নিয়ে অনর্থক তামাশা করা।
৯. আঙুলের ভেতর আঙুল ঢুকানো, আঙুল ফুটানো।
১০. খাবার নিয়ে আসলে না খেয়ে ক্ষুধার্ত অবস্থায় সালাত শুরু করে দেওয়া।
১১. পেশাব-পায়খানার বেগ নিয়ে সালাত আদায় করা।
১২. মসল্লীর সামনে কিংবা ডানে থুতু নিক্ষেপ করা।
১৩. চুল, দাড়ি ও কাপড় টানাটানি করা।
১৪. সালাতে চুল বাঁধা।
১৫. মুখ ঢেকে রাখা ও কাঁধের দুপাশে চাদর, গামছা ও পাগড়ি ঝুলিয়ে দেওয়া।
১৬. ইমাম ব্যতীত অন্যের জন্য মসজিদে সালাতের স্থান নির্দিষ্ট করে নেওয়া।
১৭. বৈঠকে হাতে ভর দিয়ে বসা।
১৮. হাই উঠলে মুখ হা করে রাখা।
১৯. কাতারে পৌছার আগেই তাড়াহুড়া করে রুকু করা।
২০. কাঁচা পেঁয়াজ, রসুন ও দুর্গন্ধযুক্ত কিছু খেয়ে মসজিদে সালাত আদায় করা।
২১. তন্দ্রাছন্ন হয়ে সালাত আদায় করা ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12907

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন